



পুরুষ



নারি



হেট্রো



সমকামী



উভকামী



উভকামী



সমকামী



রূপান্তরকামী



রূপান্তরকামী

**HIV-ৰ বিরুদ্ধে নিজেকে
PrEP কৰুন।**



Pre-exposure prophylaxis (প্ৰি-এক্সপোজার প্রফিল্যাক্সিস) বা PrEP প্রত্যহ সেবন করার মত একটি ওষুধের বড় পিল যা লোকেরা তাদের HIV হতে পারে এমন চিন্তা কমাতে সেবন করে।

HIV সম্পর্কে বুদ্ধিমান ব্যক্তিদের জন্য হল PrEP

আপনি PrEP-এর কথা ভাবতে পারেন যদি:

- আপনার একাধিক অথবা অপরিচিত যৌন সঙ্গী থাকে।
- আপনি যৌনতার পার্টিগুলিতে অথবা অন্যান্য উচ্চ ঝুঁকিসম্পন্ন স্থানগুলিতে যৌন কার্যকলাপে নিযুক্ত হন।
- আপনি টাকা, মাদক অথবা বাসস্থানের জন্য যৌনতার ব্যবসা করেন।
- আপনার গত 12 মাসে অন্তত একটি STI ছিল।
- আপনি যৌন সঙ্গমের সময় মনোরঞ্জনের মেজাজ-পরিবর্তনকারী মাদক ব্যবহার করে থাকেন।
- আপনি অবৈধ ওষুধ এবং হরমোন সমেত মাদকদ্রব্য প্রয়োগ করেন।
- উপরের কার্যগুলি করেছে এমন কোনও সঙ্গীর সাথে আপনি যৌন সঙ্গম করেন।

PrEP সম্বন্ধে প্রকৃত সত্য

- PrEP শুরু হওয়ার আগে HIV পরীক্ষা করা হয় কারণ PrEP শুধুমাত্র সেই ব্যক্তিদের জন্য যাদের পরীক্ষার ফলাফল HIV নেগেটিভ।
- আপনার পার্শ্ব প্রতিক্রিয়া থাকলে, তার জন্য সাহায্য পেতে পারেন।
- PrEP-এর ক্ষেত্রে প্রতি তিন মাস অন্তর HIV পরীক্ষা হয়, নির্দিষ্ট সময়ের ব্যবধানে STI পরীক্ষা হয় এবং চিকিৎসা প্রদানকারীর সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করা হয়।
- Medicaid সহ অনেক বীমার প্ল্যান PrEP-কে অন্তর্ভুক্ত করে। আপনার বীমা না থাকলে অথবা আপনার কো-পে বা ব্যয়সাধ্য অর্থরাশি অনেক বেশি হলে সহায়তাও পাওয়া যাবে।

আপনি PrEP শুরু করলে

- নির্দেশ অনুযায়ী ওষুধ সেবন করাটা জরুরি।
- কন্ডোম যৌনবাহিত সংক্রমণের বিরুদ্ধে অতিরিক্ত সুরক্ষা প্রদান করে।
- আপনাকে সুরক্ষিত করতে অন্যান্য উপায়গুলি নিয়ে আলোচনা করার জন্য আপনার পরিষেবা প্রদানকারী উপলব্ধ থাকে।

HIV সম্বন্ধে আপনার চিন্তা কমাতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিন।

PrEP সম্বন্ধে কোনও চিকিৎসা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।

PrEP ব্যবহারের নিদান দেন এমন চিকিৎসা প্রদানকারীদের ডিরেক্টরি এবং PrEP-এর জন্য অর্থ প্রদান করার সংস্থানগুলি সম্বন্ধে তথ্য সহ PrEP সম্বন্ধে অতিরিক্ত তথ্য জানতে **ইংরেজিতে 1-800-541-AIDS, স্প্যানিশে 1-800-233-SIDA** নম্বরে ফোন করুন অথবা www.health.ny.gov/PrEP দেখুন।



www.health.ny.gov/PrEP



Department
of Health